

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
প্রশাসন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.legislative.gov.bd](http://www.legislative.gov.bd)


নং- ৫৫.০০.০০০০.১১১.৬০.০০৩.১৭-২৯২

তারিখঃ ০২/০৭/২০১৭খ্রিঃ।

সভার নোটিশ

জেলা প্রশাসক সম্মেলন ২০১৬-তে গৃহীত সিদ্ধান্ত “আইন বিষয়ক ওয়েবসাইটে আইনসমূহের পাশাপাশি সংশ্লিষ্ট বিধিমালা আপলোড করতে হবে” এ সংক্রান্ত একটি আন্তঃমন্ত্রণালয় সভা আগামী ০৯/০৭/২০১৭খ্রিঃ তারিখ রোজ রবিবার বিকাল ৩.৩০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন নং- ৪, ৭তম তলা, কক্ষ নং- ৬১৯) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় অংশগ্রহণের জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগ হতে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনাধীন আইনের অধীন প্রণীত বিধিমালাসমূহের হালনাগাদ গেজেট কপি ও সফট কপিসহ (বাংলা Nikosh font ও ইংরেজি Times New Roman font) একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(শ্রেঃ সাহিনুর রহমান)  
সহকারী সচিব (প্রঃ-২)  
ফোন-৯৫৪০৩১৯।

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণঃ-

- ১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ----- মন্ত্রণালয়/বিভাগ।
- ২। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সভা কক্ষ বরাদ্দের অনুরোধসহ)।
- ৬। সহকারী সচিব (প্রশাসন-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। অতিরিক্ত সচিব (ড্রাফটিং-১,২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৮। অফিস কপি।